

Times Today BD

রাসেল রানা | দেশজুড়ে | 16 April, 2025

৩০ শতাংশ কোটা বাতিলের দাবিতে নওগাঁয় পলিটেকনিক শিক্ষার্থীদের অবস্থান সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। আজ বেলা ১২টায় শহরের ঢাকা বাসস্ট্যাণ্ডে সড়ক অবরোধ করে বিভিন্ন ক্লাসের শিক্ষার্থীরা। এসময় ভোগান্তি পড়ে সাধারণ মানুষ।

শিক্ষার্থীরা জানান, ক্রাফট ইন্সট্রাক্টররা কারিগরি ব্যাকগ্রাউন্ডের না, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ল্যাবের সহকারী কর্মচারী। তারা মূলত অষ্টম শ্রেণি কিংবা এসএসসি পাস। তাদের ডিপ্লোমার শিক্ষক হওয়ার কোনো যোগ্যতা নেই। তারা যদি ডিপ্লোমা ইনস্টিটিউটের শিক্ষক হন, তাহলে ডিপ্লোমা ছাত্ররা কতটুকু শিখবে। জুনিয়র ইন্সট্রাক্টর শুধুমাত্র ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং স্টুডেন্টদের জন্য।

ক্রাফট ইন্সট্রাক্টরদের জুনিয়র ইন্সট্রাক্টর হিসেবে প্রমোশন দেওয়ার সিদ্ধান্ত কারিগরি সেক্টর ধ্বংসের পায়তারা। তাই তাদের দাবি দ্রুত মেনে নেওয়া না হলে সারাদেশে বৃহত্তর আন্দোলন শুরু হবে।

নওগাঁ শিক্ষার্থী ডিপ্লোমা ইঞ্জিনিয়ার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:55

URL: <https://www.timestodaybd.com/across-the-country/948246891>